# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৩

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

**সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট** [দ্রষ্টব্য : ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।] **পূর্ণমান– ১০০**

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ:** ১×৪০=৪০

১। বিনা কারণে বন্য প্রাণি হত্যা করলে নিম্নের কোনটি ঘটতে পারে?
(ক) জলবায়ুর পরিবর্তন (খ) প্রাকৃতিক দূষণ
(গ) প্রাকৃতিক ভারসাম্য বিনষ্ট (ঘ) পৃথিবীর বিলুপ্তি

২। তুমি তোমার দেশের ঐতিহাসিক নিদর্শনসমূহের প্রতি সম্মান দেখাবে কেন?
(ক) দেখতে অনেক চমৎকার বলে
(খ) আর্থিকভাবে অনেক মূল্যবান বলে
(গ) আমাদের ইতিহাস ও সংস্কৃতিকে প্রতিনিধিত্ব করে বলে
(ঘ) বিদেশিরা এ ব্যাপারে অনেক আগ্রহ প্রকাশ করে বলে

৩। বাংলাদেশের পোশাক শ্রমিকদের জীবন যাত্রার মান খুবই নিম্ন। আমরা তাদের জীবনযাত্রার মান উন্নত করতে পারি–
(ক) বেতন বাড়িয়ে (খ) ভালো খাবার দিয়ে
(গ) উপদেশ দিয়ে (ঘ) ভালো কাপড় দিয়ে

৪। বাংলাদেশে দিন দিন কৃষিজমি কমে যাবার প্রধান কারণ কোনটি?
(ক) নদী ভাঙন (খ) বসতবাড়ি নির্মাণ
(গ) শিল্প কারখানা স্থাপন (ঘ) বিদ্যালয় ভবন নির্মাণ

৫। শিল্পায়নের ফলে বাংলাদেশ যে প্রধান সুবিধাটি পাচ্ছে তা হলো–
(ক) বেকারত্ব কমেছে (খ) শ্রমিকের দক্ষতা বাড়ছে
(গ) বৈদেশিক মুদ্রা অর্জন করছে (ঘ) জীবনযাত্রার মান উন্নত হচ্ছে

৬। মনে কর তোমাদের শ্রেণিতে একটি অটিস্টিক শিশু রয়েছে। তুমি তার সাথে কিরূপ ব্যবহার করবে?
(ক) তার সাথে সবসময় মজা করব (খ) তাকে উপহাস করব
(গ) তার প্রতি সবসময় সদয় থাকব (ঘ) অন্যান্যদের মতই আচরণ করব

৭। তুমি সকল পেশার মানুষকে সম্মান করবে যে কারণে–
(ক) নিয়ম-কানুন মেনে চলে বলে (খ) দেশকে কর প্রদান করে বলে
(গ) আমরা তাদের ওপর নির্ভরশীল বলে
(ঘ) দেশের জন্য অর্থ উপার্জন করে বলে

৮। তুমি বিদ্যালয় থেকে বাড়ি ফেরার পথে দেখতে পেলে তোমার বিদ্যালয়ের একজন শিক্ষার্থীকে রাস্তায় ছেলেরা নির্যাতন করছে। তুমি কী করবে?
(ক) সরাসরি প্রতিবাদ করব (খ) বিষয়টি থানায় জানাব
(গ) অন্য রাস্তা দিয়ে বাড়ি চলে যাব
(ঘ) নির্যাতন বন্ধের জন্য বয়স্ক মানুষের সহায়তা নেব

৯। তুমি দেশসেবার জন্য তোমাকে প্রস্তুত করতে চাও। সেক্ষেত্রে তোমাকে কীভাবে প্রস্তুত করবে?
(ক) অর্থ-উপার্জন করব (খ) অন্যকে সাহায্য করব
(গ) পিতা-মাতাকে কাজে সাহায্য করব
(ঘ) বিদ্যালয়ে ভালোভাবে লেখাপড়া করব

১০। পরিবেশ দূষণের জন্য নিম্নের কোন কারণটি সবচেয়ে দায়ী?
(ক) সম্পদের অপ্রতুলতা (খ) সচেতনতার অভাব
(গ) সময়ের অপ্রতুলতা (ঘ) আইনের সীমাবদ্ধতা

১১। রাস্তায় চলার সময় একজন অপরিচিত ব্যক্তি একখানা চকলেট দিয়ে তোমার সাথে খাতির জমাতে চাইল। তুমি কী করবে?
(ক) আমি চকলেটটি নেব (খ) আমি চকলেটটি নেব না
(গ) আমি চকলেটটি ফেলে দেব (ঘ) আমি চকলেটটি নেব এবং পরে খাব

১২। প্রকৃত গণতন্ত্র দেশের জন্য খুবই কল্যাণকর। আমরা দেশে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠা করতে পারি–
(ক) মানুষের দুর্নাম রটিয়ে (খ) মত প্রকাশের সুযোগ দিয়ে
(গ) রাজনীতিতে অংশ নিয়ে (ঘ) সরকারের সমালোচনা করে

১৩। জাতীয় নির্বাচনে আমাদের কেমন প্রার্থী নির্বাচিত করা উচিত?
(ক) ধনী (খ) গরীব (গ) সৎ (ঘ) ব্যবসায়ী

১৪। তোমাদের শ্রেণিতে দলনেতা নির্বাচন করতে চাও। এ ক্ষেত্রে যার মতামতকে বেশি গুরুত্ব দিবে–
(ক) ছেলেদের (খ) মেয়েদের (গ) শিক্ষকের (ঘ) সকলের

১৫। তোমার একজন সহপাঠী সকলের সাথে প্রায়ই অসৌজন্যমূলক আচরণ করে। এ ক্ষেত্রে তার সাথে যেরূপ ব্যবহার করবে–
(ক) সকলে তাকে এড়িয়ে চলব
(খ) তার বিরুদ্ধে শিক্ষকের কাছে নালিশ করব
(গ) সকলে তার সাথে অনুরূপ খারাপ ব্যবহার করব
(ঘ) এ ধরনের ব্যবহার ভালো নয় এটি তাকে বুঝিয়ে সংশোধন করব

১৬। মুক্তিবাহিনী গঠন করা হয় কবে?
(ক) ১৯৭১ সালের ১০ই এপ্রিল (খ) ১৯৭১ সালের ১৭ই এপ্রিল
(গ) ১৯৭১ সালের ১১ই জুলাই (ঘ) ১৯৭১ সালের ২৬ শে মার্চ

১৭। কোনটি শহীদ বুদ্ধিজীবী দিবস?
(ক) ৭ই মার্চ (খ) ২৬ শে মার্চ (গ) ১৭ই এপ্রিল (ঘ) ১৪ই ডিসেম্বর

১৮। নবাব সিরাজউদ্দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন?
(ক) ২১ বছর (খ) ২২ বছর (গ) ২৩ বছর (ঘ) ২৪ বছর

১৯। সিপাহি বিদ্রোহ কত সালে হয়েছিল?
(ক) ১৭৫৭ (খ) ১৭৫৮ (গ) ১৮৫৭ (ঘ) ১৮৫৮

২০। ১৯৪৭ সালে কী হয়েছিল?
(ক) সিপাহি বিদ্রোহ (খ) ভারতবর্ষ স্বাধীন
(গ) ফকির-সন্ন্যাসী বিদ্রোহ (ঘ) ভাষা আন্দোলন

২১। 'শালবন বিহার' কোথায় অবস্থিত?
(ক) মহাস্থানগড় (খ) পাহাড়পুর
(গ) ময়নামতি (ঘ) লালবাগ দুর্গ

Teachingbd.com

http://teachingbd.com

২২। লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করা হয় কবে?
(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৩ সালে (গ) ১৯৭৪ সালে (ঘ) ১৯৭৫ সালে

২৩। কোনটি রপ্তানি করে প্রতিবছর বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে?
(ক) চা (খ) তামাক (গ) চিনি (ঘ) পোশাক

২৪। ২০১১-১২ অর্থবছরে বাংলাদেশের মোট জাতীয় আয়ে কৃষির অবদান শতকরা কতভাগ?
(ক) ২০ ভাগ (খ) ২৫ ভাগ (গ) ৩০ ভাগ (ঘ) ৩৫ ভাগ

২৫। বাংলাদেশে প্রতিবছর গম উৎপন্ন হয়–
(ক) ২ লক্ষ মেট্রিক টন (খ) ১০ লক্ষ মেট্রিক টন
(গ) ১৫ লক্ষ মেট্রিক টন (ঘ) ২০ লক্ষ মেট্রিক টন

২৬। কোনটি জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার অন্যতম উপায় নয়?
(ক) শিক্ষা (খ) প্রশিক্ষণ (গ) চিত্তবিনোদন (ঘ) মানব সম্পদ রপ্তানি

২৭। কত সালের মধ্যে বাংলাদেশের প্রায় ২০ শতাংশ এলাকা সমুদ্র পৃষ্ঠে তলিয়ে যেতে পারে?
(ক) ২০২০ (খ) ২০৩০ (গ) ২০৪০ (ঘ) ২০৫০

২৮। বাংলাদেশে শতকরা কত ভাগ এলাকায় বিভিন্ন ধরনের দুর্যোগ ঘটে?
(ক) ৪৪ ভাগ (খ) ৫৪ ভাগ (গ) ৬৪ ভাগ (ঘ) ৭৪ ভাগ

২৯। মানবাধিকার কী?
(ক) নিম্নবিত্তদের অধিকার (খ) শিশুদের অধিকার
(গ) ধনীদের অধিকার (ঘ) মানুষ হিসেবে অধিকার

৩০। কোনটি সমাজের প্রতি আমাদের দায়িত্বের অবহেলা?
(ক) নিয়ম মানা (খ) সম্পদ সংরক্ষণ
(গ) সহযোগিতা করা (ঘ) অন্যের ক্ষতি করা

৩১। রাস্তায় চলার সময় আমাদের কী করা উচিত নয়?
(ক) জেব্রাক্রসিং ব্যবহার (খ) রাস্তার মাঝ দিয়ে হাঁটা
(গ) ফুটপাথ ব্যবহার (ঘ) ওভারব্রীজ ব্যবহার

৩২। অটিস্টিক বন্ধুদের বৈশিষ্ট্য কোনটি?
(ক) নিজের জিনিসপত্র গুছিয়ে রাখা (খ) সবার কথা শুনতে পছন্দ করে
(গ) সব বন্ধুদের সাথে ভাল আচরণ করে
(ঘ) অনেক সময় স্বাভাবিক শব্দ শুনেই উত্তেজিত হয়

৩৩। গণতন্ত্রের অর্থ কী?
(ক) ব্যক্তির শাসন (খ) জনগণের শাসন
(গ) রাজনৈতিক দলের শাসন (ঘ) পরিবারের শাসন

৩৪। কোন দিন আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়?
(ক) ৮ জানুয়ারি (খ) ৮ ফেব্রুয়ারি (গ) ৮ মার্চ (ঘ) ৮ এপ্রিল

৩৫। বেগম রোকেয়া কত সালে মৃত্যুবরণ করেন?
(ক) ১৯২২ (খ) ১৯৩২ (গ) ১৯৪২ (ঘ) ১৯৫২

৩৬। সাধারণত বাড়িতে ঘর গোছানো, ছোট ভাইবোনদের লেখাপড়া করা, মাকে রান্নার কাজে সাহায্য করা– এগুলো কে করে?
(ক) ছেলে শিশু (খ) মেয়ে শিশু
(গ) ছেলে ও মেয়ে শিশু উভয়ই (ঘ) বড় যারা

৩৭। বাংলাদেশে ওঁরাওদের কয়টি দল রয়েছে?
(ক) একটি (খ) দুইটি (গ) তিনটি (ঘ) চারটি

৩৮। কোনটি 'বৈসু' উৎসবের আকর্ষণীয় অনুষ্ঠান?
(ক) গরয়া নৃত্য (খ) ফাগুয়া (গ) ওয়াংগালা (ঘ) কের

৩৯। জাতিসংঘ প্রতিষ্ঠার প্রধান লক্ষ্য কী?
(ক) বিশ্ব শান্তি প্রতিষ্ঠা (খ) শিশুদের উন্নয়ন
(গ) অর্থনৈতিক উন্নয়ন (ঘ) ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন

৪০। কোনটি বিশ্ব ব্যাংক এর কাজ?
(ক) খাদ্য চাহিদা পূরণ (খ) বিশ্বের জনগণের স্বাস্থ্যের উন্নয়ন
(গ) মহাসচিব নিয়োগ (ঘ) ঋণ ও সাহায্য প্রদান

২। **শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ :** ১×১০=১০
(ক) মুক্তিযুদ্ধের সময় প্রায় —— লক্ষ মানুষ নিহত হয়।
(খ) —— করার উদ্দেশ্যে বাংলায় ইংরেজদের আগমন ঘটে।
(গ) সোমপুর মহাবিহারের চারদিকে —— টি কুঠরী রয়েছে।
(ঘ) —— কালে গমের চাষ করা হয়।
(ঙ) জনসম্পদ হচ্ছে কোন দেশের ——।
(চ) দীর্ঘকাল ধরে শুষ্ক আবহাওয়া ও অপর্যাপ্ত —— কারণে খরা হয়।
(ছ) মানবাধিকার লঙ্ঘন একটি —— কাজ।
(জ) আমাদের সবার বাড়িতে প্রাথমিক —— বাক্স থাকা উচিত।
(ঝ) গণতন্ত্র আমাদের —— পরিচালনার মূলনীতি।
(ঞ) ইউনিসেফ বিশ্বের —— উন্নয়নে কাজ করে।

৩। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১০=১০
(ক) কাদের নিয়ে মুক্তিবাহিনী গঠিত হয়েছিল?
(খ) সিপাহি বিদ্রোহের মূল উদ্দেশ্য কী ছিল?
(গ) ময়নামতি কোথায় অবস্থিত?
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্পের ১টি গুরুত্ব লেখ।
(ঙ) শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধির পূর্বশর্ত কী?
(চ) আবহাওয়া কাকে বলে?
(ছ) রাস্তা পারাপারের একটি নিয়ম উল্লেখ কর।
(জ) শ্রেণিকক্ষে গণতন্ত্র চর্চার ১টি উপায় লেখ।
(ঝ) বেগম রোকেয়া কোথায় জন্মগ্রহণ করেন?
(ঞ) বাংলাদেশ কবে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছে?

৪। **ক ও খ নং প্রশ্নসহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৮=৪০
(ক) বাংলাদেশের সমাজ উন্নয়নে নারীদের পাঁচটি অবদান লেখ।
(খ) বয়স্করা আমাদের সম্মানিত ব্যক্তি। বয়স্কদের সম্মান দেখানোর পাঁচটি উপায় লেখ।
(গ) মুক্তিযুদ্ধের পাঁচটি তাৎপর্য লেখ।
(ঘ) ময়নামতির পোড়ামাটির ফলকের পাঁচটি দৃশ্যের উল্লেখ কর।
(ঙ) বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্পের পাঁচটি গুরুত্ব লেখ।
(চ) ভূমিকম্পের সময় আমাদের পাঁচটি করণীয় দিক উল্লেখ কর।
(ছ) রাস্তায় দুর্ঘটনা ঘটার পাঁচটি কারণ লেখ।
(জ) মানবাধিকার রক্ষায় আমাদের পাঁচটি করণীয় বর্ণনা কর।
(ঝ) নারী নির্যাতনের পাঁচটি নেতিবাচক প্রভাব লেখ।
(ঞ) সার্ক গঠনের পাঁচটি উদ্দেশ্য লেখ।

## উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ |
| ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ |
| ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |
| ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ঘ |

২। (ক) ত্রিশ; (খ) বাণিজ্য; (গ) ১৭৭; (ঘ) শীত; (ঙ) শ্রমশক্তি; (চ) বৃষ্টিপাতের; (ছ) ঘৃণ্য; (জ) চিকিৎসার; (ঝ) রাষ্ট্র; (ঞ) শিশুদের।

৩। ক. সামরিক ও বেসামরিক জনগণের মিলিত অংশগ্রহণের মাধ্যমে মুক্তিবাহিনী গঠিত হয়েছিল।
খ. সিপাহি বিদ্রোহের মূল উদ্দেশ্য ছিল ইংরেজ শাসনের অবসান ঘটিয়ে ভারতবর্ষকে স্বাধীন করা।
গ. কুমিল্লা শহর থেকে আট কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে ময়নামতি অবস্থিত।
ঘ. পোশাক রপ্তানি করে বাংলাদেশ প্রতিবছর অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করে।
ঙ. শ্রমশক্তির দক্ষতা বৃদ্ধির পূর্বশর্ত হলো– শিক্ষা, প্রশিক্ষণ ও স্বাস্থ্যসেবা দেওয়ার মাধ্যমে তাদের কর্মক্ষমতা ও গুণগত মান বৃদ্ধি।
চ. কোনো স্থানের স্বল্প সময়ের অর্থাৎ ১ থেকে ৭ দিনের বায়ু, তাপ, বৃষ্টিপাত প্রভৃতির গড় অবস্থাকে আবহাওয়া বলে।
ছ. রাস্তার দুপাশে ভালো করে দেখে নিয়ে যেখানে জেব্রাক্রসিং আছে সেখান দিয়ে রাস্তা পার হওয়া।
জ. শ্রেণির বিভিন্ন কাজ, যেমন– চেয়ার, টেবিল, বেঞ্চ গোছানো, শ্রেণিকক্ষ সাজানো ইত্যাদি সম্পর্কে সব সহপাঠীর সাথে আলোচনা করে অধিকাংশের মতামত নিয়ে কাজগুলো সম্পন্ন করা।
ঝ. বেগম রোকেয়া ১৮৮০ সালে রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন।
ঞ. বাংলাদেশ ১৯৮৬ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেছে।

Teachingbd.com